গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা
www.emrd.gov.bd

**বিষয়: মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির অক্টোবর, ২০২৩ মাসের প্রতিবেদন।**

২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)’র বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন মনিটরিং এর লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ৩০ জুলাই ২০২৩ তারিখে মাস ভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম মনিটরিং এর জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটির কার্য-পরিধি অনুযায়ী প্রতি মাসে অন্তত একটিসহ ২০২৩-২৪ অর্থবছরে মোট ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে। বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে। উক্ত মনিটরিং কমিটির পক্ষে সদস্য শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন, উপসচিব (অপারেশন-১ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং সদস্য-সচিব জনাব মোহাম্মদ জাহিদ হোসাইন, উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও পরিচালন), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) গত ২১/১০/২০২৩ তারিখে আমদানিকৃত কার্গো হ্যান্ডলিং প্রতিষ্ঠান মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড (এমপিএল)-এর প্রধান স্থাপনা, চট্টগ্রাম পরিদর্শন ও আমদানিকৃত জাহাজ হতে জ্বালানি তেল খালাস ও অপারেশন কার্যক্রম পর্যবেক্ষণ করেন।

২। ২০২৩-২৪ অর্থবছরে এপিএ’তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত চুক্তির অন্যতম কৌশলগত উদ্দেশ্য ‘মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কার্যক্রমের আওতায় ৫০ (পঞ্চাশ) লক্ষ মেট্রিক টন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**বাস্তবায়ন অগ্রগতি:**


**২.১) পরিশোধিত তেল আমদানি কার্যক্রম:**

২০২৩-২৪ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫০ (পঞ্চাশ) লক্ষ মেট্রিক টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উল্লেখ্য, সম্প্রতি ডিজেলের চাহিদা/ বিক্রয় বিগত বছরের একই সময়ের তুলনায় কিছুটা হ্রাস পেয়েছে। তবে পিডিবি হতে ফার্নেস অয়েলের বর্ধিত চাহিদা প্রেরণ, সম্প্রতি জেট ফুয়েলের বিক্রয় বৃদ্ধি, মূল্য পরিশোধ পরিস্থিতি প্রভৃতি বিবেচনায় দেশের জ্বালানি তেলের চাহিদা পূরণের লক্ষ্যে অক্টোবর ২০২৩ মাসে এনআরএল হতে ক্রসবর্ডার পাইপলাইনের মাধ্যমে এবং বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে জাহাজযোগে মোট ১৮টি পার্সেলে ডিজেল, জেট ফুয়েল, অকটেন ও ফার্নেস অয়েল আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার প্রেক্ষিতে আমদানিকৃত জ্বালানি তেলের সারসংক্ষেপ নিম্নরূপ:

পরিমাণ: মেট্রিক টন

| পণ্য | অক্টোবর ২০২৩ মাসে আমদানি পরিকল্পনা (+/-১০%) | অক্টোবর, ২০২৩ মাসে আমদানিকৃত | মন্তব্য |
|---|---|---|---|
| ডিজেল | ২,৮৯,০০০ | ২,৮৭,৯৪৩.৭৩ | • অক্টোবর ২০২৩ মাসে মোট ১৭টি পার্সেলে (এনআরএল, ভারত হতে আমদানিকৃত পার্সেলসহ) মোট ৪৯১,৯৯৮.১৮ মেট্রিক টন বিভিন্ন গ্রেডের পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে। ১টি পূর্ণ ডিজেল পার্সেল ডিসেম্বর ২০২৩ মাসে ডেফার করা হয়েছে। |
| জেটএ-১ | ৪৫,০০০ | ৪৬,৪০০.৮৮ | |
| অকটেন | ২৫,০০০ | ২৭,৩১৪.২৫ | |
| ফার্নেস অয়েল | ১,২৫,০০০ | ১,৩০,৩৩৯.৩১ | |
| **মোট** | **৪,৮৪,০০০** | **৪,৯১,৯৯৮.১৮** | |

**২.২) অক্টোবর, ২০২৩ মাসে আমদানিকৃত জ্বালানি তেলের গ্রেড ভিত্তিক লেখচিত্র:**




চলমান পাতা-২

**পরিদর্শন কার্যক্রম:**

পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সরেজমিন পরিদর্শনের লক্ষ্যে গত ২১/১০/২০২৩ তারিখে মনিটরিং কমিটির সদস্য শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন, উপসচিব (অপারেশন-১ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং সদস্য-সচিব জনাব মোহাম্মদ জাহিদ হোসাইন, উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও পরিচালন), বিপিসি পরিশোধিত তেলের মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড (এমপিএল)'র প্রধান স্থাপনা পরিদর্শন করেন। তাঁরা এমপিএল-এর জেটিতে আগত জাহাজ হতে তেল খালাস কার্যক্রম এবং ট্যাংক ফার্ম অপারেশন কার্যক্রম সরেজমিন পরিদর্শন ও পর্যবেক্ষণ করেন। উক্ত পরিদর্শনকালে এমপিএল'র সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

**২.৩) স্থিরচিত্র:**



চিত্র-১: কমিটির সদস্য ও সদস্য-সচিব মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ট্যাংক টার্মিনাল অপারেশন পর্যবেক্ষণ করেন।



চিত্র-২: কমিটির সদস্য ও সদস্য-সচিব এমপিএল এর ডলফিন জেটি-৫ (DOJ-5) এ আমাদনিকৃত জ্বালানি তেল খালাস কার্যক্রম কার্যক্রম পরিদর্শন করেন।

৩। ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অক্টোবর ২০২৩ সময়ে পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ও অর্জনের বিবরণ নিম্নরূপ:

পরিমাণ: লক্ষ মেট্রিক টন

| কার্যক্রম | বাৎসরিক লক্ষ্যমাত্রা | অর্জন | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| | | জুলাই, ২০২৩ | আগস্ট, ২০২৩ | সেপ্টেম্বর, ২০২৩ | অক্টোবর, ২০২৩ | |
| ১.১) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | ৫০.০০ | ৩.৪৭ | ৫.৮০ | ৪.৩১ | ৪.৯২ | ১৮.৫০ |

উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে অক্টোবর, ২০২৩ মাসে ৪.৮৪ লক্ষ মেট্রিক টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ছিল। উল্লিখিত মাসে ৪.৯২ লক্ষ মেট্রিক টন পরিশোধিত তেল আমদানি করা হয়, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ১০১.৬৫%। উল্লেখ্য, অক্টোবর, ২০২৩ মাসে পরিকল্পনার বিপরীতে কার্গোসমূহ (কিছু কিছু ক্ষেত্রে প্রায় +১০% অপশনে) আগমন করায় এ মাসে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

৪। **কমিটির মন্তব্য/ সুপারিশ:**

| ক্র.ম. | মন্তব্য/ সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১ | ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী মাসভিত্তিক/ বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা অব্যাহত রাখা; | বিপিসি |
| ৪.২ | পরিস্থিতি বিবেচনায় জেটিতে বাড়তি নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং আমদানিকৃত জাহাজের অপারেশন/ খালাস কার্যক্রম সংশ্লিষ্ট কোম্পানির লোডিং মাস্টারের সার্বক্ষণিক তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে; | সংশ্লিষ্ট কোম্পানি |
| ৪.৩ | ট্যাংক ফার্মে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত ও অগ্নি নির্বাপণ ব্যবস্থা নিয়মিত পরীক্ষা করা প্রয়োজন এবং প্রতিটি ট্যাংকের নিয়মিত ক্যালিব্রেশন হালনাগাদ করতে হবে। | সংশ্লিষ্ট কোম্পানি |
| ৪.৪ | জ্বালানি তেলের ডিপোসমূহ অটোমেশনের আওতায় আনার পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | সংশ্লিষ্ট কোম্পানি |

| | | | | |
|---|---|---|---|---|
| মোহাম্মদ জাহিদ হোসাইন<br>উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন্স)<br>বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন<br>ও<br>সদস্য-সচিব<br>মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি | শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন<br>উপসচিব (অপারেশন-১ শাখা)<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>ও<br>সদস্য<br>মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি | দীপক কুমার চক্রবর্তী<br>উপসচিব (অপারেশন-৪ শাখা)<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>ও<br>সদস্য<br>মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি | এ কে এম মিজানুর রহমান<br>যুগ্মসচিব (প্রশাসন-৩)<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>ও<br>সদস্য<br>মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি | ড. মোঃ রফিকুল ইসলাম<br>যুগ্মসচিব (পরিকল্পনা)<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>ও<br>আহ্বায়ক<br>মাসিক ভিত্তিতে পরিশোধিত তে<br>আমদানি কাজ মনিটরিং কমিটি |